



Unemployment Insurance
Appeal Board

ভাটুয়াল শুনানি

অংশগ্রহণকারীর চেক ইন করার
গাইড



মুখ্য দ্রষ্টব্য

- আপনার ভার্চুয়াল শুনানিতে যোগ দেওয়ার আগে, আপনার কাছে আপনার শুনানি সংক্রান্ত প্যাকেটটি থাকতে হবে এবং আপনার ডিভাইসটিকে "ডু নট ডিস্টার্ব" (বাধা দেবেন না) মোডে রাখতে হবে। আপনাকে আপনার মোবাইলের 'লক স্ক্রিন' ফিচারটিকে / টাইম আউট সেটিং-টিকে বন্ধ করে রাখতে হবে যাতে এটা নিশ্চিত করা যায় যে, আপনি আপনার শুনানিতে যুক্ত হয়ে যাওয়ার পর আপনার স্ক্রিন যেন কখনোই লক না হয়ে যায়। আপনার ব্রাউজারে আপনার স্ক্রিন সক্রিয় রাখতে হবে যাতে আপনি কোনো বাধা ছাড়াই আপনার শুনানিতে যুক্ত হতে পারেন এবং তাতে অংশগ্রহণ করতে পারেন।
- আপনি যে ডিভাইস ব্যবহার করে শুনানিতে যুক্ত হতে চান সেটিতে আপনার শুনানির অন্তত দুই দিন আগে Cisco Webex অ্যাপ্লিকেশন ডাউনলোড করে নেবেন এবং www.webex.com/test-meeting.html এ একটি পরীক্ষামূলক মিটিংয়ে যুক্ত হয়ে দেখে নেবেন।

অনুগ্রহ করে মনে রাখবেন: আপনি যদি শুনানিতে 'মোবাইল দিয়ে' অংশগ্রহণ করতে চান, তবে আপনাকে, "Webex Meetings" অ্যাপ্লিকেশনটি অবশ্যই ডাউনলোড করতে হবে। এর মধ্যে যেকোনো একটি QR ব্যবহার করে আপনি "Webex Meetings" অ্যাপ্লিকেশনটি ডাউনলোড করতে পারেন।



Cisco Webex অ্যাপ্লিকেশনটি আপনার ল্যাপটপ বা ডেস্কটপে ডাউনলোড করতে <https://www.webex.com/downloads>-এ যান।

- আপনার নির্ধারিত শুনানির সময়ের 30 মিনিট আগে www.vhc.uiab.ny.gov এ আপনার চেক ইন করার প্রক্রিয়া শুরু করে দেবেন। আপনার শুনানি শুরু হওয়ার নির্ধারিত সময়ের মধ্যে আপনি চেক ইন না করলে আপনাকে আপনার শুনানিতে আর যুক্ত হতে দেওয়া হবে না।
- Apple-এর iPhone, iPad, বা Mac ব্যবহারকারীদের অবশ্যই Safari ব্রাউজার ব্যবহার করতে হবে। Webex অ্যাপ্লিকেশন লঞ্চ করার সময় Google Chrome কাজ করবে না।
- আপনার ভার্চুয়াল শুনানির জন্য কীভাবে প্রস্তুত হবেন, সে সম্পর্কে আরও তথ্য পেতে আপনি এখানে দেখতে পারেন www.uiappeals.ny.gov/virtual-hearings।

আপনার শুনানিতে যোগ দিন

1. www.vhc.uiab.ny.gov-এ যান।
2. আপনার শুনানি সংক্রান্ত বিজ্ঞপ্তি থেকে আপনার শুনানি সংক্রান্ত ID-টি জেনে নিন।
3. ভার্চুয়াল শুনানির ID (Virtual Hearing ID) -এর জায়গায় আপনার শুনানি ID-টি লিখুন।
4. এগিয়ে চলুন (Continue) বোতামটিতে ক্লিক করুন।
5. নিয়ম ও শর্তাবলী পর্যালোচনা করুন।
6. এগিয়ে যাওয়ার জন্য "আমি সম্মতি প্রদান করছি" (I Agree)-তে ক্লিক করুন।

7. আপনার ভূমিকাটিকে বেছে নিন (দাবিদার (Claimant), নিয়োগকারী (Employer), COL-এর প্রতিনিধি (COL Rep) বা অন্যান্য (Other))। সাক্ষী, দোভাষী এবং প্রতিনিধিগণকে "অন্যান্য (Other)" বেছে নিতে হবে।
8. আপনি আপনার ইমেল অ্যাড্রেস উল্লেখ করতেও পারেন, তবে তা আবশ্যিক নয়।
9. আপনার যদি দোভাষীর প্রয়োজন হয়, তাহলে "হ্যাঁ (Yes)" বেছে নিয়ে আপনার ভাষাটিকে বেছে নিন।
10. জমা দিন (Submit) বোতামটিতে ক্লিক করুন।
11. আপনার নাম ও পদবি লিখুন।
12. আপনি আপনার ফোন নম্বর উল্লেখ করতেও পারেন, তবে তা আবশ্যিক নয়।
13. জমা দিন (Submit) বোতামটিতে ক্লিক করুন।
 - আপনাকে ভার্সুয়াল শুনানি সেন্টারের ওয়েটিং রুমে নিয়ে যাওয়া হবে যেখানে বিচারক দেখতে পাবেন যে আপনি সেখানে শুনানির জন্য যোগ দিয়েছেন এবং আপনি এর জন্য প্রস্তুত।
 - ভার্সুয়াল শুনানির সেন্টারের ওয়েটিং রুমে থাকার সময় আপনার স্ক্রিনটি অবশ্যই সক্রিয় থাকতে হবে। আপনি যদি ঐ পৃষ্ঠা থেকে বেরিয়ে আসেন, আপনাকে আপনার শুনানি থেকে বিচ্ছিন্ন করে দেওয়া হতে পারে এবং আপনি পুনরায় তাতে যুক্ত হতে পারবেন না।
 - ওয়েটিং রুমের পৃষ্ঠায় থাকার সময় সমস্ত গুরুত্বপূর্ণ নোটগুলি পর্যালোচনা করে নেবেন।
 - শুনানি শুরু হবার পর, আপনি একটি পপ আপ দেখতে পাবেন যেখানে সবুজ রঙের একটি বোতামে শুনানিতে যুক্ত হন (Enter Hearing) লেখা থাকবে।
14. সবুজ রঙের শুনানিতে যুক্ত হন (Enter Hearing) বোতামে ক্লিক করে শুনানিতে যুক্ত হয়ে যাবেন। এরপর আপনার ব্রাউজারে একটি নতুন ট্যাব খুলবে যেখানে Webex অ্যাপ্লিকেশন আপনার ডিভাইসে চালু করা হবে।
15. আপনি একটি পপ-আপ বিজ্ঞপ্তি দেখতে পাবেন, যেখানে Webex অ্যাপ্লিকেশন খোলার জন্য আপনার সম্মতি নিশ্চিত করতে বলা হবে। Webex খুলুন বোতামটিতে ক্লিক করুন।
16. Webex অ্যাপ্লিকেশন খোলার পর, আপনার মাইক্রোফোন আনমিউট করতে এবং আপনার ভিডিও শুরু করতে ভুলবেন না।
 - আপনার মাইক্রোফোন আনমিউট (Unmute) বোতামটিতে ক্লিক করুন।
 - আপনার ভিডিওটি শুরু করতে ভিডিও শুরু করুন (Start video) বোতামটিতে ক্লিক করুন।
17. মিটিং-এ যুক্ত হন (Join meeting) বোতামটিতে ক্লিক করুন। যতক্ষণ না বিচারক আপনাকে শুনানিতে যুক্ত হতে অনুমতি দিচ্ছেন ততক্ষণ আপনাকে Webex -এর লবিতে রাখা হবে।
18. একবার শুনানিতে যুক্ত হয়ে গেলে, আপনি বিচারক সহ ওই শুনানিতে উপস্থিত সকলকে দেখতে পাবেন এবং সকলের সাথে কথা বলতে পারবেন।
19. শুনানি শেষ হবার পর, Webex মিটিং বন্ধ হয়ে যাবে।
20. আপনি যদি ভার্সুয়াল শুনানি সেন্টারের ওয়েটিং রুমে ফেরত যেতে চান, আপনার ব্রাউজারে গিয়ে ভার্সুয়াল অ্যাপয়েন্টমেন্ট (Virtual Appointments) ট্যাবে ক্লিক করুন। অন্যথায়, আপনি আপনার ব্রাউজার বন্ধ করে দিতে পারেন।